গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

## পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে গবাদি পশুর অস্থায়ী হাটের দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২৩

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী পবিত্র ঈদ-উল-আযহা ২০২৩ উপলক্ষে কোরবানীর পশু ক্রয় বিক্রয়ের সুবিধার্থে জগন্নাথপুর উপজেলা পরিষদের সিদ্ধান্তের আলোকে এবং জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের কার্যালয়ের ১৮-০৬-২০২৩ তারিখের ৪৬.৪৬.৯০০০.০১১.১৩.০০৪.১৯(অংশ-১).৪৫৫ (৫) নং স্মারকমূলে অনুমতি প্রদান করায় নিম্নবর্ণিত হাট বাজার সমূহে অস্থায়ী গবাদি পশুর হাট বসানোর নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ২০-০৬-২০২৩ তারিখ দরপত্র আহ্বান করা যাচ্ছে।

গবাদি পশুর অস্থায়ী হাটের নাম ঃ

| ক্রমিক নং | গবাদি পশুর অস্থায়ী হাটের নাম | ইউনিয়নের নাম |
|---|---|---|
| ০১ | সৈয়দপুর বাজার | সৈয়দপুর শাহাড়পাড়া ইউপি |
| ০২ | নয়াবন্দর বাজার | আশারকান্দি ইউপি |
| ০৩ | বড়ফেচী বাজার | আশারকান্দি ইউপি |
| ০৪ | পল্লীগঞ্জ বাজার | পাইলগাঁও ইউপি |
| ০৫ | ইনাতগঞ্জ বাজার | পাইলগাঁও ইউপি |
| ০৬ | দাওরাই বাজার | আশারকান্দি ইউপি |
| ০৭ | গোবিন্দ বাজার | কলকলিয়া |
| ০৮ | কেউন বাড়ি বাজার | মিরপুর ইউপি |
| ০৯ | লামা টুকের বাজার | মীরপুর ইউপি |
| ১০ | মিরপুর বাজার | মিরপুর ইউপি |
| ১১ | মজিদপুর মসজিদ মার্কেট | কলকলিয়া ইউপি |
| ১২ | মুজিব মার্কেট বাউধরন | চিলাউড়া হলদিপুর ইউপি |
| ১৩ | শিবগঞ্জ বাজার | রানীগঞ্জ ইউপি |

### শর্তাবলী

১. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় জগন্নাথপুর/সহকারী কমিশনার(ভূমি), জগন্নাথপুর ও ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, জগন্নাথপুর শাখা, জগন্নাথপুর, সুনামগঞ্জ হতে নগদ ৫০০/= (পাঁচশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) ২১-০৬-২০২৩ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত (বিকাল ০৫.০০ ঘটিকা) দরপত্র ফরম ক্রয় করা যাবে এবং ২২-০৬-২০২০ তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দেয়া যাবে ।

২. ২২-০৬-২০২৩ তারিখ বেলা ৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র বাক্স খোলার পর বিধি মোতাবেক সর্ব্বোচ্চ দরদাতাকে অস্থায়ী ভিত্তিতে ঈদ- উল আযহার পূর্ব দিন পর্যন্ত সময়ের জন্য অস্থায়ী পশুর হাট ইজারা দেয়া হবে।

৩. অনুমোদিত দরদাতাকে প্রস্তাবিত দরের উপর সরকার কর্তৃক আরোপিত ১০% অর্থ আয়কর ১৫% অর্থ ভ্যাট (দরপত্রে উল্লিখিত দরের অতিরিক্ত/ নির্ধারিত হারে জমা প্রদান করতে হবে নতুবা হাটের দখল প্রদান করা হবে না।

৪. দরদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ২০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারের নামে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। অনুমোদিত দরদাতার জামানতকৃত ব্যাংক ড্রাফট ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। অ-অনুমোদিত দরদাতার দাখিলকৃত জামানতের ব্যাংক ড্রাফট ফেরত প্রদান করা হবে।

চলমান পাতা-০২

৫. অনুমোদিত দরদাতা শুধুমাত্র ঈদ-উল-আযহা /২০২৩ উপলক্ষে স্থাপিত অস্থায়ী গবাদি পশুর হাটে বিক্রিত পশুর উপর সরকার নির্ধারিত হারে টোল আদায় করতে পারবেন। অনুমোদিত দরদাতা বাজারের অন্য কোন পণ্যের উপর টোল আদায় করতে পারবেন না।

৬. অনুমোদিত দরদাতা কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত গবাদি পশুর অস্থায়ী হাট অন্যের নিকট সাব লীজ (উপপত্তন) দিতে পারবেন না। যদি অনুরুপ কার্যকলাপ বা ইজারার শর্ত লংঘন করেন তাহলে ইজার বাতিল করে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭. সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হলে সম্পূর্ণ টাকা পরিশোধ করার পর হাটের দখল প্রদান করা হবে।

৮. অনুমোদিত দরদাতা যানবাহন ও জনসাধারনের চলাচলের রাস্তার উপর অস্থায়ী পশুর হাট বসাতে পারবেন না কিংবা বিক্রয়ের জন্য রাস্তার উপর কোন পশু রাখতে পারবেন না।

০৯. খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে লিখতে হবে।

১০. দুই বা ততোধিক দর দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১১. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত (যদি সীল থাকে) খামে দরপত্র দাখিল করতে হবে।

১২. এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য ব্যবহার করা যাবে না।

১৩. গবাদি পশু ক্রয় বিক্রয় শেষ হওয়ার পর পরই অনুমোদিত দরদাতা অস্থায়ী গবাদি পশুর হাটের বর্জ্য নিজ দায়িত্বে / খরচে অপসারন করবেন।

১৪. কোন শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, সড়ক/মহা সড়কে কোন ক্রমেই অস্থায়ী গবাদি পশুর হাট বসানো যাবে না।

১৫. কোরবানির পশুর হাটে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলতে হবে।

১৬. হাটে আসা গরুর জন্য আলাদা একটি লেনের ব্যবস্থা করতে হবে।

১৭. হাটে আসা ক্রেতাদের জন্য আলাদা একমূখী লেনের ব্যবস্থা করতে হবে। প্রবেশ এবং বাহির হওয়ার জন্য পৃথক আগমন এবং বর্হিগমন পথ রাখতে হবে।

১৮. মাঠে পর্যাপ্ত জীবানুনাশক ব্লিচিং পাউডার এর ব্যবস্থা থাকবে এবং প্রতিদিন হাট এলাকা জীবানুমুক্ত করতে হবে এবং যথাযথভাবে বর্জ্য অপসারণ করতে হবে।

১৯। ক্রেতা এবং বিক্রেতা সকলকেই আবশ্যিকভাবে মাস্ক পরিধান করতে হবে।

২০। শিশু, বয়স্ক এবং অসুস্থ ব্যক্তিগণ কোনক্রমেই গরুর হাটে প্রবেশ করতে পারবেন না।

২১। গরুর হাটে জরুরী সেবা প্রদানের জন্য চিকিৎসক এবং স্যানিটারি ইন্সপেক্টরের সমন্বয়ে গঠিত মেডিকেল টিম প্রস্তুত রাখতে হবে।

২২। অসুস্থ গবাদী পশু সনাক্তকরণের জন্য প্রত্যেক হাটে একজন ভেটেরিনারি সার্জন রাখতে হবে।

২৩। জাল নোট সনাক্তকরণের জন্য স্থানীয় ব্যাংকের সহায়তায় জালনোট সনাক্তকরণ বুথ প্রস্তুত রাখতে হবে।

২৪। এ উপজেলার বড় আকারের হাট যেমন- রসুলগঞ্জ বাজার হাট এবং রানীগঞ্জ বাজার হাট প্রভৃতির ক্ষেত্রে একই স্থানে অত্যাধিক ভীড় কমানোর জন্য বিশেষ ব্যবস্থাপনা গ্রহণ করতে হবে।

২৫. অনুমোদিত দরদাতা শুধুমাত্র ঈদ-উল-আযহার পূর্বদিন পর্যন্ত গবাদি পশুর অস্থায়ী হাট বসাতে পারবেন।

চলমান পাতা-০৩

অনুমোদিত দরদাতা উপরোক্ত কোন শর্ত ভঙ্গ করলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই অস্থায়ী গবাদি পশুর হাটের ইজারা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮.০৬.২০২৩
( মোঃ সাজেদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ ।

স্মারক নং- ০৫.৪৬.৯০৪৭.০০০.০২.০৯৬.২৩. ৪৮৮ তারিখ ঃ ১৮.০৬.২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য :

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২. উপ পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৩. অস্থায়ী চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর।

অনুলিপি ঃ অবগতি ও বহুল প্রচারের জন্য

৪. সহকারী কমিশনার ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৫. মেয়র, জগন্নাথপুর পৌরসভা, সুনামগঞ্জ।
৬. উপজেলা-----------------------------কর্মকর্তা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৭. অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. চেয়ারম্যান------------------------ ইউপি, (সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ। তাঁকে তার ইউপি গ্রাম পুলিশের মাধ্যমে স্থানীয় বাজারে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৯. ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা----------------- ইউনিয়ন ভূমি অফিস, জগন্নাথপুর। তাকে স্থানীয় বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১০. সভাপতি/ সম্পাদক--------------------বাজার কমিটি, পোঃ ----------------------, জগন্নাথপুর।
১১. অফিস নথি/ নোটিশ বোর্ড।

১৮.০৬.২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ